দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 8 FEB 2009 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৫ ......

ঢাবিতে ছাত্র আন্দোলনের প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠানে বক্তারা

# ছাত্র রাজনীতিকে কলুষমুক্ত করতে হবে

॥ বিশ্ববিদ্যালয় রিপোর্টার ॥

ছাত্র আন্দোলনের ১৬তম প্রতিষ্ঠাবার্ষিকীর অনুষ্ঠানে বক্তারা বলেছেন, ছাত্ররাই আগামী দিনে জাতির নেতৃত্ব দেবে। পাশাপাশি ছাত্রদের অধিকার প্রতিষ্ঠায় প্রগতিশীল ধারার ছাত্র সংগঠনগুলোকে আরও সক্রিয় হতে হবে। গতকাল শনিবার সকালে ঢাকা বিশ্ববিদ্যালয়ের টিএসসিতে আয়োজিত আলোচনা সভায় বক্তারা বলেন, ছাত্র রাজনীতিকে কলুষমুক্ত এবং সমাজতান্ত্রিক বাংলাদেশ গড়ার লক্ষ্যে বাংলাদেশ ছাত্র আন্দোলনের প্রগতিশীল ধারায় রাজনীতি চর্চা করতে হবে।

সাম্যবাদী দলের ছাত্রসংগঠন ছাত্র আন্দোলনের সভাপতি কনক বড়ুয়ার সভাপতিত্বে প্রতিষ্ঠাবার্ষিকীর আলোচনা সভায় বক্তৃতা করেন কলামিস্ট সৈয়দ আবুল মকসুদ, অধ্যাপক এম এম আকাশ, অধ্যাপক আনোয়ার হোসেন, অ্যাডভোকেট বীরেন সাহা, সংগঠনের সাধারণ সম্পাদক নূর উস সাফা প্রমুখ।

সৈয়দ আবুল মকসুদ বলেন, ছাত্র রাজনীতিকে সুস্থ ধারায় ফিরিয়ে আনতে হবে। এ জন্য শিক্ষাঙ্গনে প্রগতিশীল ছাত্র রাজনীতির চর্চা করতে হবে। অধ্যাপক এম এম আকাশ বলেন, বর্তমান শিক্ষা ব্যবস্থায় বেসরকারিকরণ করা হচ্ছে। শিক্ষাকে বেসরকারিকরণ নয়, শিক্ষাকে অধিকার হিসেবে গ্রহণ করতে হবে। নূর উস সাফা বলেন, বুর্জোয়া গণতন্ত্র কখনও জনগণের মুক্তি আনতে পারেনি। জনগণের মুক্তি নিশ্চিত করতে বাংলাদেশ ছাত্র আন্দোলন সর্বহারা ও মেহনতী মানুষকে সাথে নিয়ে আন্দোলন চালিয়ে যাচ্ছে। এর আগে সংগঠনটির প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে ক্যাম্পাসে শোভাযাত্রা বের করা হয়।